

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৫৫

তারিখ: ১০ বৈশাখ ১৪২৫
২৩ এপ্রিল ২০১৮

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার “জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫”-এর সুপারিশ বাস্তবায়নের পদ্ধতি নিরূপণের লক্ষ্যে নিম্নরূপে কমিটি গঠন করিয়াছে:

(ক) কমিটির গঠন :

১। মন্ত্রিপরিষদ সচিব	আহ্বায়ক
২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৩। সচিব, অর্থ বিভাগ	সদস্য
৪। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	সদস্য
৫। সচিব, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৬। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়	সদস্য
৭। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য-সচিব

-এ কমিটিতে ‘সচিব’ বলিতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হইবে।

(খ) কার্যপরিধি :

সরকারের আর্থিক সক্ষমতা ও অন্যান্য আনুষঙ্গিক দিক বিবেচনাপূর্বক “জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫”-এর সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

(গ) প্রয়োজনবোধে কমিটি সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

(ঘ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(ঙ) কমিটি ০৩(তিন) মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(ড. আবু সালেহ্ মোস্তফা কামাল)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫৭১৬০০।


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৫৫

তারিখ: ১০ বৈশাখ ১৪২৫
২৩ এপ্রিল ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
মন্ত্রণালয়/বিভাগ/কমিশন।
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ১০০ (একশত) কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]।


(খন্দকার ইসতিয়াক আহমেদ)
উপসচিব

ফোন: ৯৫১১০৮১।

Email: ca_sec@cabinet.gov.bd